ঢাকা ওয়াসা

০১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
০২। অনুমোদিত দরের কপি।
০৩। প্রস্তাবিত কাজের সিস্টেম নকশা।
০৪। ক্যালকুলেশন শীট।
০৫। প্রাক্কলন।

বিষয়: Mass Cleaning of sewer line & manhole at Azgor Lane, Haider Box Lane, Mokim Katra, Hakim Habibor Rahman Road, Choto Katra, Chawak Bazar, Debi das Ghat, Chori Hatta, Boro Katra, Showari Ghat,Rahmatgonj area, Foria potti, Hazi ballo Road and adjacent area under MODS Zone-2, Dhaka WASA (Group-12) শীর্ষক কাজ প্রসঙ্গে।

০১। সদয় অবগত করানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডস্ জোন-২ এলাকা ঢাকা মহানগরীর অন্যতম জনবহুল বানিজ্যিক,আবাসিক এবং পর্যটন এলাকা। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেল্লা,আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা বিদ্যমান রয়েছে। এছাড়া চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাটসহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক,ব্যবসায়ী ব্যক্তিও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গসহ সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন । এম.আই.এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিলোমিটার Sewerage Network এবং প্রায় ৩৫০০ টি Manhole ও Y pit বিদ্যমান রয়েছে। উক্ত Sewerage Network দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে Mass Cleaning কাজ করা হয়। মডস জোন-২ এর Sewerage Network টি দীর্ঘ দিনের পুরাতন ও সিটি কর্পোরেশন বিভিন্ন উন্নায়ন মুলক কাজের কারণে Sewerage Network টির বিভিন্ন জায়গা ক্ষতিগ্রস্থ হয়েছে। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় Sewerage Network Block হয়ে Sewer flow বাধা প্রাপ্ত হচ্ছে। যার ফলে অনেক এলাকায় মাঝে মঝেই Sewer over flow হয়ে পরিবেশ দূষিত করছে। এছাড়া জনস্বাস্থ্যর ঝুকি বৃদ্ধিসহ সাধারণ জন চলাচল বিঘ্নিত হচ্ছে। Sewer overflow কারণে প্রায়শই সম্মানিত গ্রাহকগণ হতে ওয়াসা লিংক এবং সরাসরি অভিযোগ পাওয়া যাচ্ছে। বর্তমানে বিভাগীয় লোকবলের মধ্যে ক্লিনার পদে স্থায়ি ০১ জন, মাষ্টার রোলে ০১ জন এবং আউট সোর্সিং এ নিয়োজিত ০১ জন কর্মরত। এই স্বল্প সংখ্যক লোকবল দ্বারা Sewer overflow নিরসনের কাজ চালিয়ে নেয়া হচ্ছে। কিন্তু সুষ্ঠুভাবে Sewer flow বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন শীত মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে Sewerage Network ও Manhole সমূহ Mass Cleaning কাজ করা প্রয়োজন। কেননা পরবর্তীতে তীব্র শীত মৌসুমে Sewerage Network ও Manhole সমূহ Mass Cleaning করা কস্টসাধ্য হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে পূর্ববর্তী বছরের ন্যায় দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে। সেই প্রেক্ষিতে মডস্ জোন -২ এর আওতাধীন Azgor Lane, Haider Box Lane, Mokim Katra, Hakim Habibor Rahman Road, Choto Katra, Chawak Bazar, Debi das Ghat, Chori Hatta, Boro Katra, Showari Ghat,Rahmatgonj area, Foria potti, Hazi ballo Road সহ আশে পাশের এলাকায় Mass Cleaning এর Sludge উত্তোলনের এবং উত্তেলিত Sludge অপসরনের কাজ ডিসেম্বর/২৫ ইং মাস হতে শুরু করা যেতে পারে। উল্লেখ্য যে, Mass Cleaning কাজের ধারাবাহিকতা থাকলে Sewerage Network এর Sewer flow স্বাভাবিক রাখা সম্ভব হবে। এছাড়াও Sewerage Network এর পাশাপাশি এলাকাবাসীর সাথে যোগাযোগ থাকায় অল্প সময়ের ব্যবধানে Mass Cleaning কাজ করা হলে কাজ করিতে সুবিধা হয়। ইহা ছাড়াও গ্রাহক সন্তুষ্ঠি অর্জনের পাশাপাশি ঢাকা ওয়াসার সুনাম বৃদ্ধি পায়। কাজ চলাকালীন সময়ে টাস্ক ফোর্স কমিটি-২ এর আহ্বায়ক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি(পূঃ ও উঃ) সার্কেল মহোদয়কে কাজের অগ্রগতির তথ্যসহ কাজ শেষে ছবি প্রেরন করা হবে।

০২। Mass Cleaning of sewer line & manhole at Azgor Lane, Haider Box Lane, Mokim Katra, Hakim Habibor Rahman Road, Choto Katra, Chawak Bazar, Debi das Ghat, Chori Hatta, Boro Katra, Showari Ghat,Rahmatgonj area, Foria potti, Hazi ballo Road and adjacent area under MODS Zone-2, Dhaka WASA (Group-12) শীর্ষক কাজটি ৩০দিন ব্যাপী কয়েকটি ভাগে বিভক্ত করিয়া মাস্ ক্লিনিং কাজ করার জন্য ঢাকা ওয়াসা মাস ক্লিনিং কাজের কমিটি কর্তৃক অনুমোদিত দর অনুযায়ী প্রাক্কলন তৈরী করা হয়েছে (ক্রঃ নং-২ দ্রঃ)। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে = ৩,৯৩,৬০০/- (তিন লক্ষ তিরানব্বই হাজার ছয়শত টাকা) মাত্র (ক্রঃ নং- ৫ দ্রঃ)। নথিটি অনুমোদিত হলে উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে ইস্যু করা যেতে পারে।

০৩। এমতাবস্থায়,জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে জরুরী ভিত্তিতে সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে মডস জোন -২ এর আওতাধীন Mass Cleaning of sewer line & manhole at Azgor Lane, Haider Box Lane, Mokim Katra, Hakim Habibor Rahman Road, Choto Katra, Chawak Bazar, Debi das Ghat, Chori Hatta, Boro Katra, Showari Ghat,Rahmatgonj area, Foria potti, Hazi ballo Road and adjacent area under MODS Zone-2, Dhaka WASA (Group-12) শীর্ষক কাজটি বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ১০০(১) (Force Account) অনুসরণে = ৩,৯৩,৬০০/- (তিন লক্ষ তিরানব্বই হাজার ছয়শত)টাকার প্রাক্কলনটিসহ বিগত বছরের ন্যায় উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে অনুমোদন করা যেতে পারে। ইস্যু কৃত চেক হতে প্রাপ্ত টাকা বর্নিত কাজে ব্যয় করা হবে এবং কাজ শেষে লেবার বিলের মাধ্যমে সমন্বয় করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৬১ SLM হতে (Force Account) মাধমে নির্বাহ করা হবে (ক্র: নং-০১ দ্র:) । যা অনুমোদনের ক্ষমতা মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, ঢাকা ওয়াসা এর আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

SE(MODS-1)

E/E

২৫/১১/২৫
মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

২৫/১১/২৫
মোঃ ইলিয়াস হোসেন
সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াটার ওয়ার্কস
মডস জোন-২, ঢাকা ওয়াসা

25/11/2025
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

২৬/১১/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

০১/১২/২৫
CE/DMD (O&M) s/n
মোঃ মুস্তাফিজুর রহমান
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা।

অনুমোদিত
০৭/১২/2026
ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

২/১২/২৫
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ

SE(MODS-1)

১১/১২/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

EE